গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৬৫.১৫-২০৩

তারিখঃ ২১ শ্রাবণ ১৪২৭
০৫ আগস্ট ২০২০

বিষয়ঃ মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৭৯৫/২০১৫ মামলার গত ০৩.০৪.১৯ খ্রি. তারিখের রায়/আদেশের আলোকে কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ধুনট, বগুড়া এর কম্পিউটার ডেমোনেস্ট্রেটর পদে নিয়োগ পরীক্ষার বিষয়ে সংগঠিত অনিয়মের বিষয়ে প্রতিবেদনের সুপারিশের আলোকে ব্যবস্থা গ্রহণপূর্বক TMED কে অবহিতকরণ।

সূত্র: জেলা শিক্ষা অফিসার, বগুড়া এর স্মারক নং-৩৭.০২.১০০০.০০০.১৮.০০১.২০/৩৯৩ তারিখ: ১৩.০৭.২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো হয়েছে যে, মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৭৯৫/২০১৫ মামলার গত ০৩.০৪.১৯ খ্রি. তারিখের রায়ের নির্দেশার আলোকে কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ধুনট, বগুড়া এর কম্পিউটার ডেমোনেস্ট্রেটর পদে নিয়োগ পরীক্ষার বিষয়ে জেলা শিক্ষা অফিসার, বগুড়া এর সভাপতিত্বে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয় (কপি সংযুক্ত)।

০২। উক্ত কমিটি দায়ী ব্যক্তিকে চিহ্নিত করে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণপূর্বক একটি প্রতিবেদন ৩০.০৪.২০ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য গঠিত কমিটিকে অনুরোধ করা হয়। তদপ্রেক্ষিতে গঠিত কমিটি কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ধুনট, বগুড়া এর কম্পিউটার ডেমোনেস্ট্রেটর পদে নিয়োগ পরীক্ষার বিষয়টি তদন্ত করে প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য TMED তে প্রেরণ করা হয়।

০৩। তদন্ত প্রতিবেদনের মতামত:

"বিভিন্ন তথ্য উপাত্ত পর্যবেক্ষণ ও প্রমাণাদিতে দেখা যায় যে, কান্তনগর টেকনিক্যাল স্কুল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের কম্পিউটার ডেমোনেস্ট্রেটর পদে ২০/০৫/২০০৪ ইং তারিখের "দৈনিক চাঁদনী বাজার" পত্রিকার নিয়োগ বিজ্ঞপ্তি কোড গড়মিল থাকা, "দৈনিক চাঁদনী বাজার" পত্রিকার বাংলা তারিখের সাথে ইংরেজি তারিখের গড়মিল থাকা, একই তারিখে একই পদে দুইটি ভিন্ন ভিন্ন পরীক্ষার্থীদের ফলাফল শীটে পরীক্ষা কমিটির ০৩ জন সদস্যের স্বাক্ষর থাকা, অধ্যক্ষ কর্তৃক যোগদানপত্র গ্রহণের তারিখে গড়মিল থাকা, তাছাড়া একই ব্যক্তির দুইটি যোগদানপত্র থাকলে উক্ত নিয়োগ পরীক্ষাটি স্বচ্ছতার সাথে এবং বিধিসম্মতভাবে হয়নি বলে তদন্ত কমিটি মনে করে।" (কপি সংযুক্ত)।

০৪। তদন্ত কমিটির সুপারিশ:

"নিয়োগ প্রক্রিয়ার পুরো বিষয়ে অনিয়ম পরীলক্ষিত হওয়ায় নিয়োগ প্রক্রিয়ার সাথে জড়িত সংশ্লিষ্ট ব্যক্তিগণের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত কমিটি কর্তৃক সুপারিশ করা হলো।"

০৫। উল্লেখ্য, কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ধুনট, বগুড়া এর কম্পিউটার ডেমোনেস্ট্রেটর জনাব আবু খায়ের কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৭৯৫/১৫ মামলায় গত ০৩.০৪.১৯ খ্রি. তারিখের রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ:

In the result, the rule is disposed of with direction upon the respondents to include the name of the petitioner in the M.P.O List, if he has requisite qualification within 1 (one) month from the date of recipt of this order.

The respondent No. 1 is also directed to investigate the matter by framing a 3 (three) members equiry committee headed by the District Education officer, Bogra to find out the real perpetrators, within 1 (one) month from the date of receipt of this order and conclude the investigation as soon as possible preferably within 6 (six) months from the date of receipt of this order and take necessary action in accordance with the law and submit a report to the Registrar, Bangladesh Supreme Court, High Court Division, Dhaka within 1 (one) month, after expiry of the aforesaid six months.

০৬। যেহেতু রিট পিটিশন নং-৩৭৯৫/১৫ মামলায় ০৩.০৪.১৯ তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী জেলা শিক্ষা অফিসার, বগুড়া এর সভাপতিত্বে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে দায়ী ব্যক্তিকে চিহ্নিত করে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিবেদন বিজ্ঞ রেজিস্ট্রারের মাধ্যমে মহামান্য আদালতে দাখিলকরণের জন্য মামলার ১নং রেসপনডেন্ট সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করায় উক্ত বিষয়ে TMED কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

০৭। যেহেতু তদন্ত কমিটি কর্তৃক নিয়োগ প্রক্রিয়ার সাথে জড়িত সংশ্লিষ্ট ব্যক্তিগণের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হয়েছে এবং যেহেতু রিট মামলার রায়ে দায়ী ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণপূর্বক প্রতিবেদন দাখিলের নির্দেশনা রয়েছে সেহেতু প্রতিবেদনে উল্লেখিত নিয়োগ প্রক্রিয়ার সাথে জড়িত ব্যক্তিবর্গ (১) জনাব মো: মাহমুদুল হাসান, অধ্যক্ষ, কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ধুনট, বগুড়া, (২) জনাব মো: মতিয়ার রহমান, সভাপতি, কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ধুনট, বগুড়া এবং (৩) জনাব মো: হযরত আলী, কম্পিউটার ইনস্ট্রাক্টর, পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

=চলমান=

F:\Office Work\Letter-2017.docx

০৮। যেহেতু রিট মামলার এক অংশের রায়ের বিরুদ্ধে আপীল বিভাগে ৫নং রেসপনডেন্ট জনাব মো: আব্দুল বাকী কর্তৃক আপীল বিভাগে সিপিএলএ ৩৫০০/১৯ দায়ের করা হয়েছে এবং পিটিশনারের প্রশিক্ষণ সনদ সরকার স্বীকৃত প্রতিষ্ঠান না থাকায় অর্থাৎ নিয়োগকালীন কাম্য যোগ্যতা না থাকায় পিটিশনার জনাব মো: আবু খায়েরকে এমপিওভুক্ত করার সুযোগ নেই মর্মে DTE কর্তৃক অবহিত করা হয় সেহেতু আপীল মামলা বিচারাধীন থাকায় আপীল মামলায় সরকারি স্বার্থ সংরক্ষণে কি কি পদক্ষেপ নেয়া হয়েছে এর তথ্য তথ্য জানা প্রয়োজন।

০৯। এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক:

(ক) তদন্ত কমিটির সুপারিশ অনুযায়ী নিয়োগ প্রক্রিয়ার সাথে জড়িত নিম্নোক্ত ব্যক্তিবর্গের বিরুদ্ধে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন:

(১) জনাব মো: মাহমুদুল হাসান, অধ্যক্ষ, কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ধুনট, বগুড়া এর বিরুদ্ধে দুর্নীতি ও জালিয়াতির আশ্রয় গ্রহণ করায় বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ২৯.১.৫ অনুচ্ছেদ মতে ব্যবস্থা গ্রহণ;

(২) জনাব মো: মতিয়ার রহমান, সভাপতি, কান্তনগর টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ধুনট, বগুড়া এর বিরুদ্ধে দুর্নীতি ও জালিয়াতির আশ্রয় গ্রহণ করায় কারিগরি শিক্ষা বোর্ড আইন, ২০১৮ এর বিধান অনুযায়ী ব্যবস্থা গ্রহণ; অথবা ফৌজদারী মামলা দায়ের; এবং

(৩) জনাব মো: হযরত আলী, কম্পিউটার ইনস্ট্রাক্টর, পলিটেকনিক ইনস্টিটিউট, বগুড়া এর বিরুদ্ধে দুর্নীতি ও অসদাচরণের দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর সংশ্লিষ্ট বিধান মতে ব্যবস্থা গ্রহণ;

(খ) মহামান্য আদালতের নির্দেশনা মতে এ বিষয়ে (উপরিউক্ত মতে) গৃহীত কার্যক্রমের তথ্যাদি (মহামান্য আদালতের গোচরে নেয়ার জন্য) রেজিস্ট্রার, মহামান্য হাইকোর্ট বিভাগ বরাবর প্রেরণ করা;

(গ) মাননীয় আপীল বিভাগে দায়েরকৃত সিপিএলএ নং-৩৫০০/১৯ মামলায় সরকারি স্বার্থ সংরক্ষণে কি কি পদক্ষেপ নেয়া হয়েছে এর তথ্য TMED তে প্রেরণ।

১০। এমতাবস্থায়, অনুচ্ছেদ ০৯ এর (ক), (খ) ও (গ) -এ প্রস্তাব মতে কার্যক্রম গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি (প্রমাণকসহ) আগামী ২৫.০৮.২০ তারিখের মধ্যে TMED তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

০৫.০৮.২০
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর,
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
৫। অফিস কপি/মাস্টার কপি।